

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
শাখা-১১

নং- শিম/শাঃ১১/১৯-১/২০০৭/১৭৪

তারিখ : ১৮ ফাল্গুন ১৪১৬
০২ মার্চ ২০১০

প্রজ্ঞাপন


শিক্ষা মন্ত্রণালয়ের ০২/০৬/২০০৯ তারিখের জারীকৃত নং-শিম/শাঃ১১/৫-১(অংশ)/৫৮২ সংখ্যক প্রজ্ঞাপন সংশোধনক্রমে পুনরাদেশ না দেয়া পর্যন্ত এস.এস.সি ও সমমান এবং এইচ.এস.সি ও সমমান পরীক্ষার ক্ষেত্রে পরীক্ষা পাশের প্রচলিত জিপিএ এর সাথে সনাতন পদ্ধতির বিভাগ এর নিম্নরূপ সামঞ্জস্য বিধান করা হল :

জিপিএ ৩.০০ বা তদূর্ধ্ব	=	প্রথম বিভাগ
জিপিএ ২.০০ থেকে ৩.০০ এর কম	=	দ্বিতীয় বিভাগ
জিপিএ ১.০০ থেকে ২.০০ এর কম	=	তৃতীয় বিভাগ

- ২। উল্লিখিত প্রজ্ঞাপনের অন্যান্য অংশ অপরিবর্তিত থাকবে।
- ৩। ইহা জনস্বার্থে প্রকাশ করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।

উপ-নিয়ন্ত্রক
বাংলাদেশ ফরম্‌স ও প্রকাশনা অধিদপ্তর
তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায়
প্রকাশের জন্য অনুরোধ করা হলো।)

রাষ্ট্রপতির আদেশক্রমে


(সৈয়দ আতাউর রহমান)
সচিব

প্রজ্ঞাপন

বিষয়ঃ প্রচলিত মেডিং পদ্ধতির সঙ্গে পূর্বের বিভাগ/শ্রেণীর সমতুল্যকরণ

দেশের পাবলিক পরীক্ষাসমূহের ফলাফল প্রদানের ক্ষেত্রে একজন শিক্ষার্থীর অর্জিত মোট নম্বরের ভিত্তিতে বিভাগ/শ্রেণীতে বিন্যাসকরণ পদ্ধতি রহিত করে মেডিং পদ্ধতি প্রবর্তনের ফলে বর্তমান প্রচলিত জিপিএ বা সিজিপিএ এর সঙ্গে পূর্বকার প্রথম, দ্বিতীয় ও তৃতীয় বিভাগ/শ্রেণী কিভাবে সামঞ্জস্যপূর্ণ হবে সে বিষয়ে সুস্পষ্ট কোন নির্দেশনা না থাকায় বিষয়টি বিশদভাবে পর্যালোচনাপূর্বক সরকার সিদ্ধান্ত গ্রহণ করেছে যে, বর্তমান প্রচলিত জিপিএ বা স্কোরমত, সিজিপিএ এর বিপরীতে পূর্বের প্রথম, দ্বিতীয় ও তৃতীয় শ্রেণী নিম্নরূপে নির্ধারিত হবেঃ

- (১) (ক) ২০০১, ২০০২ ও ২০০৩ সনের এস.এস.সি বা সমমান এবং ২০০৩ সনের এইচ.এস.সি বা সমমান পরীক্ষা ব্যতীত ২০০৪ ও তৎপরবর্তী সময়ের এস.এস.সি এবং এইচ.এস.সি বা সমমানের পরীক্ষার ফলাফলের ক্ষেত্রে-

অর্জিত জিপিএ	পূর্বের সমতুল্য বিভাগ/শ্রেণী
৪.০০ বা তদুর্ধ্ব	প্রথম বিভাগ
৩.০০ বা তদুর্ধ্ব কিন্তু ৪.০০ এর কম	দ্বিতীয় বিভাগ
১.০০ বা তদুর্ধ্ব কিন্তু ৩.০০ এর কম	তৃতীয় বিভাগ

- (খ) ২০০১, ২০০২ ও ২০০৩ সনের এস.এস.সি বা সমমান এবং ২০০৩ সনের এইচ.এস.সি বা সমমান পরীক্ষার ক্ষেত্রে-

অর্জিত জিপিএ	পূর্বের সমতুল্য বিভাগ/শ্রেণী
৩.৫০ বা তদুর্ধ্ব	প্রথম বিভাগ
২.৫০ বা তদুর্ধ্ব কিন্তু ৩.৫০ এর কম	দ্বিতীয় বিভাগ
১.০০ বা তদুর্ধ্ব কিন্তু ২.৫০ এর কম	তৃতীয় বিভাগ

- (২) অনুমোদিত বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত সিজিপিএ-এর ক্ষেত্রে-

(ক) বিশ্ববিদ্যালয় যে স্কেলে (৪ অথবা ৫) সিজিপিএ প্রদান করে সেই সিজিপিএ স্কেলকে ৮০% এর সমান নম্বর ধরতে হবে;

(খ) উক্ত নম্বরের অনুপাতে অর্জিত সিজিপিএ এর নম্বরকে শতকরা নম্বরে রূপান্তর করতে হবে;

(গ) উপরি-উক্ত পদ্ধতিতে রূপান্তরিত শতকরা নম্বরের ভিত্তিতে নিম্নরূপে বিভাগ/শ্রেণী নির্ধারণ করতে হবেঃ

নিরূপিত নম্বর ব্যাপ্তি (শতকরা হারে)	সমতুল্য শ্রেণী/বিভাগ
৬০% বা তদুর্ধ্ব	প্রথম শ্রেণী/বিভাগ
৪৫% বা ততোধিক কিন্তু ৬০% এর কম	দ্বিতীয় শ্রেণী/বিভাগ
৩০% বা ততোধিক কিন্তু ৪৫% এর কম	তৃতীয় শ্রেণী/বিভাগ

অর্থাৎ কোন বিশ্ববিদ্যালয় কর্তৃক ৪ অথবা ৫ স্কেলে সিজিপিএ প্রদত্ত হয়ে থাকলে, উপরি-উক্ত (২) (ক) ও (২)(খ) অনুসারে শতকরা হার নিরূপনের জন্য নিম্নের সূত্রটি ব্যবহার করতে হবেঃ

সূত্রঃ $\frac{৮০}{৪} \times ৩ = ৬০\%$ অর্থাৎ সিজিপিএ স্কেল (স্কোরমত, ৪ বা ৫) \times অর্জিত সিজিপিএ = অর্জিত শতকরা নম্বর

উদাহরণঃ কোন শিক্ষার্থী সিজিপিএ ৪.০০ স্কেলে ৩.০০ পেয়ে থাকলে তাঁর অর্জিত শ্রেণী/বিভাগ হবে নিম্নরূপঃ

$\frac{৮০}{৪} \times ৩ = ৬০\%$; অর্থাৎ তাঁর অর্জিত ফলাফল প্রথম শ্রেণী/বিভাগ বলে গণ্য হবে।

কোন শিক্ষার্থী সিজিপিএ ৫.০০ স্কেলে ৩.০০ পেয়ে থাকলে তাঁর অর্জিত শ্রেণী/বিভাগ হবে নিম্নরূপঃ

$\frac{৮০}{৫} \times ৩ = ৪৮\%$; অর্থাৎ তাঁর অর্জিত ফলাফল দ্বিতীয় শ্রেণী/বিভাগ বলে গণ্য হবে।

২। ইহা জনস্বার্থে জারি করা হলো।

(স্বাক্ষর) ০২.০৭.০৯
মোঃ আতাউর রহমান
সচিব

উপ নিয়ন্ত্রক

বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস

তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের জন্য অনুরোধ করা হলো)